রয়েল সিমেন্ট

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

কনফিডেন্স সিমেন্ট
☎01755550035-36

সোমবার | ১৬ জুন ২০২৫ | www.edainikazadi.net রেজি. নং-চ-৫৪ | ৬৫তম বর্ষ ২৬৫ সংখ্যা | ২ আষাঢ় ১৪৩২ সাল | ১৯ জিলহজ্জ ১৪৪৬ হিজরি | ৮ পৃষ্ঠা | ৭ টাকা




*প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির*

# প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগে ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিএসসি ইন সিএসই ৪৭তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠিত প্রোগ্রামে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন স্যামসাং আর এন্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশের প্রিন্সিপ্যাল ইঞ্জিনিয়ার ও অ্যাসোসিয়েট সফটওয়্যার আর্কিটেক্ট মুহাম্মদ দিদারুল আলম চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটি সিএসই বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও বাংলাদেশ ব্যাংকের জয়েন্ট ডিরেক্টর (আইসিটি) রিচার্ড বিশ্বাস।

বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির বলেন, প্রযুক্তির পরিবর্তন ঘটে দ্রুত ও ধারাবাহিকভাবে। এর প্রভাব পড়ে আমাদের শিক্ষাব্যবস্থায়ও। বিশ্ববিদ্যালয়ে কোর্স কারিকুলাম, এক্সট্রা-কারিকুলার ও কো-কারিকুলার অ্যাকটিভিটিস সবকিছুতেই এই পরিবর্তনের ছাপ স্পষ্ট। বিশ্ববিদ্যালয় জীবনের শুরুতেই নবীন শিক্ষার্থীরা ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে এই পরিবর্তনের সঙ্গে পরিচিত হতে শুরু করে এবং পায় প্রয়োজনীয় দিক নির্দেশনা, যা আমাদের উচ্চশিক্ষার যাত্রাকে সুসংগঠিত করে তোলে।

তিনি উল্লেখ করেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির লক্ষ্য ও উদ্দেশ্য শুধুমাত্র শিক্ষার্থীদের চাহিদা পূরণ নয়, তাদেরকে এটাও শেখানো যে, প্রয়োজন, বাস্তবতা এবং মূল্যবোধের সঙ্গে সামঞ্জস্য রেখে এগিয়ে চলতে জানতে হয়। তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয় বিশ্বাস করে- একজন শিক্ষার্থীর উন্নয়ন শুধু পেশাগত দক্ষতায় নয়, বরং নৈতিকতা, নেতৃত্ব ও সামাজিক দায়বদ্ধতার মাধ্যমেও সম্ভব।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মিনহাজ হোসাইন। ইভ টিজিং ও যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে ইউনিভার্সিটির অভিযোগ কমিটির সদস্য ফারহানা শিরিণ চৌধুরী, কোড অব কন্ডাক্ট নিয়ে সহকারী প্রক্টর মোহাম্মদ হাসান, ইউনিভার্সিটি ও বিভাগের পরিচিতি নিয়ে প্রভাষক রওশন আক্তার বক্তব্য রাখেন। বিভাগের প্রভাষক ইশতিয়াক আহমেদ সাজেদ ও অতন্দ্রিলা চক্রবর্তীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 16 June 2025, Page: 3, Col: 1
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2025-06-16

চট্টগ্রাম সোমবার ১৬ জুন ২০২৫

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪০তম বর্ষ ১০৯তম সংখ্যা । । ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ । । ১৯ জিলহজ ১৪৪৬ হিজরি । । Monday 16 June 2025 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone




*প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির*

*প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগের ওরিয়েন্টেশনে উপাচার্য*

## প্রযুক্তির দ্রুত পরিবর্তনের প্রভাব শিক্ষাব্যবস্থায়ও প্রভাব ফেলে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিএসসি ইন সিএসই ৪৭তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার সকাল সাড়ে ১০টায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন স্যামসাং আর এন্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশের প্রিন্সিপ্যাল ইঞ্জিনিয়ার ও এসোসিয়েট সফটওয়্যার আর্কিটেক্ট মুহাম্মদ দিদারুল আলম চৌধুরী, বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের এলামনাই এসোসিয়েশনের প্রেসিডেন্ট রিচার্ড বিশ্বাস। বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রযুক্তির পরিবর্তন ঘটে দ্রুত ও ধারাবাহিকভাবে। এর প্রভাব পড়ে আমাদের শিক্ষাব্যবস্থায়ও। বিশ্ববিদ্যালয়ে কোর্স কারিকুলাম, এক্সট্রা-কারিকুলাম ও কো-কারিকুলাম অ্যাকটিভিটিস সবকিছুতেই এই পরিবর্তনের ছাপ স্পষ্ট। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহযোগী অধ্যাপক মিনহাজ হোসাইন। ইভটিজিং ও যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে ইউনিভার্সিটির অভিযোগ কমিটির সদস্য ফারহানা শিরিণ চৌধুরী, কোড অব কন্ডাক্ট নিয়ে সহকারী প্রক্টর মোহাম্মদ হাসান, ইউনিভার্সিটি ও বিভাগের পরিচিতি নিয়ে প্রভাষক রওশন আক্তার বক্তব্য রাখেন। বিভাগের প্রভাষক ইশতিয়াক আহমেদ সাজেদ ও অতন্দ্রিলা চক্রবর্তীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 16 June 2025, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2025-06-16

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
www.dailypurbodesh.com



# প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগে ওরিয়েন্টেশন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিএসসি ইন সিএসই ৪৭তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১৫ জুন সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন স্যামসাং আর এন্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশের প্রিন্সিপ্যাল ইঞ্জিনিয়ার ও অ্যাসোসিয়েট সফটওয়্যার আর্কিটেক্ট মুহাম্মদ দিদারুল আলম চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটি সিএসই বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও বাংলাদেশ ব্যাংকের জয়েন্ট ডিরেক্টর (আইসিটি) রিচার্ড বিশ্বাস। বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রযুক্তির পরিবর্তন ঘটে দ্রুত ও ধারাবাহিকভাবে। এর প্রভাব পড়ে আমাদের শিক্ষাব্যবস্থায়ও। বিশ্ববিদ্যালয়ে কোর্স কারিকুলাম, এক্সট্রা-কারিকুলার ও কো-কারিকুলার অ্যাকটিভিটিস সবকিছুতেই এই পরিবর্তনের ছাপ স্পষ্ট। বিশ্ববিদ্যালয়জীবনের শুরুতেই নবীন শিক্ষার্থীরা ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে এই পরিবর্তনের সঙ্গে পরিচিত হতে শুরু করে এবং পায় প্রয়োজনীয় দিকনির্দেশনা, যা আমাদের উচ্চশিক্ষার যাত্রাকে সুসংগঠিত করে তোলে।

তিনি আরও বলেন, মানুষের ইচ্ছার সীমা নেই। এই ইচ্ছা পূরণের পথে থাকে নানা সীমাবদ্ধতা। বাস্তবতা, সম্পদের অভাব, সময়ের সঙ্কট এবং পরিবেশের বাধা–এইসব এখানে উল্লেখযোগ্য। এই সীমাবদ্ধতাগুলোর মধ্য দিয়েই মানুষ এগিয়ে যায়, সম্ভাবনার দ্বার খুঁজে নেয়, স্বপ্ন পূরণ করে। প্রধান অতিথি ইথিক্যাল বিহ্যাভিয়ার নিয়েও কথা বলেন। তিনি উল্লেখ করেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির লক্ষ্য ও উদ্দেশ্য শুধুমাত্র শিক্ষার্থীদের চাহিদা পূরণ নয়, তাদেরকে এটাও শেখানো যে, প্রয়োজন, বাস্তবতা এবং মূল্যবোধের সঙ্গে সামঞ্জস্য রেখে এগিয়ে চলতে জানতে হয়। তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয় বিশ্বাস করে–একজন শিক্ষার্থীর উন্নয়ন শুধু পেশাগত দক্ষতায় নয়, বরং নৈতিকতা, নেতৃত্ব ও সামাজিক দায়বদ্ধতার মাধ্যমেও সম্ভব।




প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য দেন উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির

বিশেষ অতিথির বক্তব্যে মুহাম্মদ দিদারুল আলম চৌধুরী স্যামসাং আর এন্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশে তাঁর দীর্ঘ চাকরিজীবনের অভিজ্ঞতা তুলে ধরেন এবং প্রোগ্রামিং-এর মাধ্যমে বিভিন্ন সমস্যা সমাধানের বর্ণনা করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়জীবনে ভালোভাবে পড়াশুনা করতে হবে, বহির্জগত সম্পর্কে জানতে হবে, নতুন নতুন টেকনোলজি সম্পর্কে অবগত হতে হবে। তাহলে ভবিষ্যতে ভালো ক্যারিয়ার গঠন সম্ভব হবে।

বিশেষ অতিথির বক্তব্যে রিচার্ড বিশ্বাস বলেন, আজকের ওরিয়েন্টেশন প্রোগ্রামটির অর্থ শিক্ষাজীবন নতুনভাবে শুরু করা নয়। এটা একটা নতুন দিগন্তের পথে যাত্রা। প্রকৌশল বিজ্ঞান অধ্যয়নের মাধ্যমে তোমরা এমনভাবে তৈরি হবে, যেন প্রযুক্তিগতভাবে বাংলাদেশ ও বিশ্বের কল্যাণে ভূমিকা রাখতে পার। অ্যালামনাই হিসেবে আমাদের সহযোগিতা তোমাদের জন্য অব্যাহত থাকবে।

সভাপতির বক্তব্যে বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল বলেন, তোমরা যে যে ক্যাপাসিটিতে এই বিভাগে ভর্তি হও না কেন, এই বিভাগের সুযোগ-সুবিধাপ্রাপ্তির মানদণ্ড সকলের জন্য সমান। তোমরা ভালোভাবে অধ্যয়ন করলে অবশ্যই ভালো ফলাফল লাভ করতে পারবে।

স্বাগত বক্তব্য দেন বিভাগের সহযোগী অধ্যাপক মিনহাজ হোসাইন। ইভটিজিং ও যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে ইউনিভার্সিটির অভিযোগ কমিটির সদস্য ফারহানা শিরিণ চৌধুরী, কোড অব কন্ডাক্ট নিয়ে সহকারী প্রক্টর মোহাম্মদ হাসান, ইউনিভার্সিটি ও বিভাগের পরিচিতি নিয়ে প্রভাষক রওশন আক্তার বক্তব্য দেন। বিভাগের প্রভাষক ইশতিয়াক আহমেদ সাজেদ ও অতন্দ্রিলা চক্রবর্তীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 16 June 2025, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?page=1&date=2025-06-16

চট্টগ্রাম • সোমবার • ১৬ জুন ২০২৫ • ২ আষাঢ় ১৪৩২ • ১৯ জিলহজ ১৪৪৬ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ২৭৯

২১ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ চট্টগ্রাম বন্দরে ৭০ শতাংশ থেকে ১০০ শতাংশ শুল্ক বাড়ানোর প্রস্তাব

৫ ৩১ দফা হলো সকল শ্রেণিপেশার মানুষের আকাঙ্ক্ষার প্রতিফলন

৬ ইবাদত দলে ফেরায় সিমন্সের উচ্ছ্বাস



**সিথিল হচ্ছে পারিবারিক বন্ধন**

সম্প্রতি একটি পরিসংখ্যানে বলা হয়েছে, দেশে প্রতিদিন ২ হাজার ২০০ নতুন পরিবার গঠিত হচ্ছে। ফলে বাবা-মা, ছেলে-মেয়ে, ভাই-বোন, চাচা-চাচি নিয়ে একসঙ্গে যৌথভাবে থাকা-খাওয়ার মতো পরিবার কমে যাচ্ছে।

বিস্তারিত ► পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগে ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির

## প্রিমিয়ার ইউনিভার্সিটির সিএসই বিভাগে ওরিয়েন্টেশন

# প্রযুক্তির পরিবর্তন ঘটে দ্রুত ও ধারাবাহিকভাবে : উপাচার্য

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিএসসি ইন সিএসই ৪৭তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে ১৫ জুন। এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির।

বিশেষ অতিথি ছিলেন স্যামসাং আর এন্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশের প্রিন্সিপ্যাল ইঞ্জিনিয়ার ও অ্যাসোসিয়েট সফটওয়্যার আর্কিটেক্ট মুহাম্মদ দিদারুল আলম চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটি সিএসই বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ও বাংলাদেশ ব্যাংকের জয়েন্ট ডিরেক্টর (আইসিটি) রিচার্ড বিশ্বাস। বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির বলেন, প্রযুক্তির পরিবর্তন ঘটে দ্রুত ও ধারাবাহিকভাবে। এর প্রভাব পড়ে আমাদের শিক্ষাব্যবস্থায়ও। বিশ্ববিদ্যালয়ে কোর্স কারিকুলাম, এক্সট্রা-কারিকুলার ও কো-কারিকুলার অ্যাকটিভিটিস সবকিছুতেই এই পরিবর্তনের ছাপ স্পষ্ট। বিশ্ববিদ্যালয়জীবনের শুরুতেই নবীন শিক্ষার্থীরা ওরিয়েন্টেশন প্রোগ্রামের মাধ্যমে এই পরিবর্তনের সঙ্গে পরিচিত হতে শুরু করে এবং পায় প্রয়োজনীয় দিকনির্দেশনা, যা আমাদের উচ্চশিক্ষার যাত্রাকে সুসংগঠিত করে তোলে।

তিনি আরও বলেন, মানুষের ইচ্ছার সীমা নেই। এই ইচ্ছা পূরণের পথে থাকে নানা সীমাবদ্ধতা। বাস্তবতা, সম্পদের অভাব, সময়ের সঙ্কট এবং পরিবেশের বাধা-এইসব এখানে উল্লেখযোগ্য। এই সীমাবদ্ধতাগুলোর মধ্য দিয়েই মানুষ এগিয়ে যায়, সম্ভাবনার দ্বার খুঁজে নেয়, স্বপ্ন পূরণ করে। প্রধান অতিথি ইথিক্যাল বিহ্যাভিয়ার নিয়েও কথা বলেন। তিনি উল্লেখ করেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির লক্ষ্য ও উদ্দেশ্য শুধুমাত্র শিক্ষার্থীদের চাহিদা পূরণ নয়, তাদেরকে এটাও শেখানো যে, প্রয়োজন, বাস্তবতা এবং মূল্যবোধের সঙ্গে সামঞ্জস্য রেখে এগিয়ে চলতে জানতে হয়। তিনি বলেন, এই বিশ্ববিদ্যালয় বিশ্বাস করে-একজন শিক্ষার্থীর উন্নয়ন শুধু পেশাগত দক্ষতায় নয়, বরং নৈতিকতা, নেতৃত্ব ও সামাজিক দায়বদ্ধতার মাধ্যমেও সম্ভব। বিশেষ অতিথির বক্তব্যে মুহাম্মদ দিদারুল আলম চৌধুরী স্যামসাং আর এন্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশে তাঁর দীর্ঘ চাকরিজীবনের অভিজ্ঞতা তুলে ধরেন এবং প্রোগ্রামিং-এর মাধ্যমে বিভিন্ন সমস্যা সমাধানের বর্ণনা করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়জীবনে ভালোভাবে পড়াশুনা করতে হবে, বহির্জগত সম্পর্কে জানতে হবে, নতুন নতুন টেকনোলজি সম্পর্কে অবগত হতে হবে। তাহলে ভবিষ্যতে ভালো ক্যারিয়ার গঠন সম্ভব হবে। বিশেষ অতিথির বক্তব্যে জনাব রিচার্ড বিশ্বাস বলেন, আজকের ওরিয়েন্টেশন প্রোগ্রামটির অর্থ শিক্ষাজীবন নতুনভাবে শুরু করা নয়। এটা একটা নতুন দিগন্তের পথে যাত্রা। প্রকৌশল বিজ্ঞান অধ্যয়নের মাধ্যমে তোমরা এমনভাবে তৈরি হবে, যেন প্রযুক্তিগতভাবে বাংলাদেশ ও বিশ্বের কল্যাণে ভূমিকা রাখতে পার। অ্যালামনাই হিসেবে আমাদের সহযোগিতা তোমাদের জন্য অব্যাহত থাকবে। সভাপতির বক্তব্যে বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. সাহীদ মো. আসিফ ইকবাল বলেন, তোমরা যে যে ক্যাপাসিটিতে এই বিভাগে ভর্তি হও না কেন, এই বিভাগের সুযোগ-সুবিধাপ্রাপ্তির মানদণ্ড সকলের জন্য সমান। তোমরা ভালোভাবে অধ্যয়ন করলে অবশ্যই ভালো ফলাফল লাভ করতে পারবে। স্বাগত বক্তব্য রাখেন বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মিনহাজ হোসাইন। ইভটিজিং ও যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে ইউনিভার্সিটির অভিযোগ কমিটির সদস্য ফারহানা শিরিণ চৌধুরী, কোড অব কন্ডাক্ট নিয়ে সহকারী প্রক্টর জনাব মোহাম্মদ হাসান, ইউনিভার্সিটি ও বিভাগের পরিচিতি নিয়ে প্রভাষক রওশন আক্তার বক্তব্য রাখেন। বিভাগের প্রভাষক ইশতিয়াক আহমেদ সাজেদ ও অতন্দ্রিলা চক্রবর্তীর সঞ্চালনায় অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 16 June 2025, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2025-06-16

প্রথম আলো

প্রিমিয়ার ইউনিভার্সিটি

# নবীনবরণ অনুষ্ঠিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪৭তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার সকালে নগরের দামপাড়া ক্যাম্পাসের কেন্দ্রীয় অডিটরিয়ামে এ আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এস এম নছরুল কদির। বিশেষ অতিথি ছিলেন স্যামসাং আর অ্যান্ড ডি ইনস্টিটিউট বাংলাদেশের অধ্যক্ষ মুহাম্মদ দিদারুল আলম চৌধুরী, বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের যুগ্ম পরিচালক (আইসিটি) রিচার্ড বিশ্বাস। বিভাগের চেয়ারম্যান সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন বিভাগের সহযোগী অধ্যাপক মিনহাজ হোসাইন, সহকারী প্রক্টর মোহাম্মদ হাসান, ইভ টিজিং ও যৌন হয়রানি প্রতিরোধ কমিটির সদস্য ফারহানা শিরিণ চৌধুরী, প্রভাষক রওশন আক্তার প্রমুখ। **বিজ্ঞপ্তি**

Ref: Daily Prothom Alo, Date: 16 June 2025, Page: 7, Col: 1